অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

10 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগে বরাদ্দের অংশ হিসেবে বাফেলোতে গভর্নর হোকলের 11 টি রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা

বিনিয়োগটি বাফেলোর ব্রডওয়ে-ফিলমোর এলাকায় নতুন আবাসন, ব্যবসা ও কর্মসংস্থানের সুযোগ উন্মুক্ত করবে, বাফেলোর সব বাসিন্দার জীবনযাত্রার মান উন্নত করবে

আপস্টেটের অর্থনীতি দ্রুত সচল করার জন্য গভর্নরের প্রতিশ্রুতিকে তুলে ধরে, DRI এর মাধ্যমে ডাউনটাউন কমিউনিটিকে পুনরুজ্জীবিত করে

রেন্ডারিং এখানেপাওয়া যাবে

বাফেলোবাসীদের জীবনযাত্রার মান উন্নত করতে এবং ব্যবসা, কর্মসংস্থান ও আবাসনের সুযোগ তৈরি করতে গভর্নর ক্যাথি হোকল আজ 10 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগে (Downtown Revitalization Initiative) বরাদ্দের অংশ হিসেবে বাফেলোর ব্রডওয়ে-ফিলমোর এলাকায় 11টি রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা করেছেন। এই বিনিয়োগ আকর্ষণীয় নতুন সবুজ স্থান, খুচরা ব্যবসা-ভিত্তিক সড়ক, উন্নত বাইক ও পথচারী সংযোগ এবং প্রাণবন্ত স্ট্রিটস্কেপের জন্য মূলত এলাকার ঐতিহাসিক বাণিজ্যিক ভবনের নিবিড় স্টককে কাজে লাগাবে। এই উন্নয়ন আপস্টেটের অর্থনীতিকে পুনরুজ্জীবিতকরণ এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক কমিউনিটির উন্নতির জন্য গভর্নরের চলমান প্রচেষ্টার অংশ।

"আমরা বাফেলোর জন্য একটি নতুন পথ তৈরি করছি — উল্লেখযোগ্য বিনিয়োগের মাধ্যমে যা বাফেলোর প্রত্যাবর্তনের গল্প পুনরায় লিখতে সাহায্য করবে," **বলেছেন গভর্নর হোকল।** "পূর্ব বাফেলোতে আবাসন, অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টিতে আমাদের বিনিয়োগ কমিউনিটিতে নতুন জীবনের শ্বাস নিতে এবং এটিকে বসবাস ও কাজ করার জন্য একটি ভালো স্থানে রূপদান করতে সাহায্য করবে। আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কমিউনিটি কেন্দ্রে রূপান্তরিত করতে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ভালো ভবিষ্যত গড়ে তুলতে আমার প্রশাসন আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখবে।"

বাফেলোর ব্রডওয়ে-ফিলমোর এলাকাটি 2021 সালে DRI রাউন্ড 5-এ বিজয়ী ঘোষিত হয়। DRI-এর মাধ্যমে যেসব নির্দিষ্ট প্রকল্পের অর্থায়ন করা হবে তার মধ্যে রয়েছে:

ব্রডওয়ে মার্কেট বর্ধিতকরণ - DRI বরাদ্দ: 2,500,000 ডলার
বাজারের প্রধান প্রবেশপথে ডিরেক্টরিসহ হলঘর, পাবলিক তথ্য বুথ, ফুলের স্টল এবং ATM মেশিনসহ সুযোগ-সুবিধা চালু করা হবে; একটি আউটডোর ফার্মার্স মার্কেট তৈরি; খাদ্য-সম্পর্কিত বিক্রেতাদের দ্বারা প্রতিস্থাপিত হওয়ার জন্য ব্রডওয়েতে ভাড়া দেওয়া জায়গার স্থানান্তর; এবং বাজার জুড়ে চলাচল উন্নত করা।

পথচারীদের অভিজ্ঞতা উন্নতকরণ - DRI বরাদ্দ: 1,766,850 ডলার

বাসিন্দা ও ভিজিটরদের জন্য আরো আমন্ত্রণমূলক পাবলিক স্পেস তৈরি করতে এই প্রকল্পে অত্যাধুনিক পথনির্দেশক ও সাইন, জ্বালানি সাশ্রয়ী নতুন সড়ক লাইট এবং জনসাধারণের সুরক্ষা বৃদ্ধি, বৃক্ষরোপণ, এবং জনসাধারণের নতুন সুযোগ-সুবিধা যেমন আউটডোরে জনসাধারণের বসার ব্যবস্থা ও ফুল গাছ লাগানো অন্তর্ভুক্ত রয়েছে।

বাফেলো সেন্ট্রাল টার্মিনাল গ্রেট লন নির্মাণ - DRI বরাদ্দ: 1,000,000 ডলার

এই কম ব্যবহৃত ঘাসের লনকে বিনোদনমূলক কার্যক্রম, আয়োজিত ক্রীড়া অনুষ্ঠান এবং ভবিষ্যত নির্মাণে ব্যবহারের জন্য আগ্রহ ও সমর্থন চালিত করার জন্য ইভেন্টসহ বছরব্যাপী ব্যবহারের জন্য আমন্ত্রণমূলক এবং অত্যন্ত সক্রিয় সবুজ স্থানে রূপান্তর করা হবে।

চাইল্ড কেয়ার সুবিধা প্রদান এবং চাইল্ড কেয়ার কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার জন্য 239 লোম্বার্ড সংস্কার - DRI বরাদ্দ: 1,000,000 ডলার

বিদ্যমান সম্পত্তির প্রথম দুই তলা একটি চাইল্ড কেয়ার ফ্যাসিলিটিতে রূপান্তরের জন্য সংস্কার করা হবে যা চাইল্ড কেয়ার কর্মীদের প্রশিক্ষণের জন্য ফ্যাসিলিটিসহ 90টি শিশুকে চাইল্ড কেয়ার সেবা দিতে পারবে এবং কমপক্ষে 20 জন কর্মী নিয়োগ করতে পারবে।

একটি উদ্ভাবনী অর্গানিক কন্টেইনার ফার্ম তৈরি - DRI বরাদ্দ: 664,000 ডলার

এই পরিত্যক্ত ভবন এবং তৎসংলগ্ন পার্কিং লট 1-একর কন্টেইনার ফার্ম তৈরিতে ব্যবহার করা হবে। সৌর বিদ্যুৎচালিত এই ফ্যাসিলিটি প্যাকেজিং সমর্থন করবে এবং অফিস স্পেস অন্তর্ভুক্ত করবে। এটি স্থানীয়ভাবে উৎপাদিত, জৈব ফসলসহ ফুড ডেজার্ট হিসেবে বিবেচিত একটি অঞ্চলকে সেবা প্রদান করবে।

সিয়ার্স পাডেরেউস্কি পার্ক পুনরুজ্জীবিতকরণ- DRI বরাদ্দ: 630,000 ডলার

বৃক্ষরোপণ, নতুন হার্ডস্কেপ এবং সুযোগ-সুবিধার পাশাপাশি খেলার মাঠের সরঞ্জাম, নতুন প্যাভিলিয়ন এবং নাগরিক স্থানসহ একটি বহুমুখী জমায়েতের জায়গা তৈরি করার জন্য পার্কটি পুনর্নির্মাণ করা হবে। প্যাভিলিয়নটি ছোট অনুষ্ঠানের জন্য জমায়েতের স্থান, আউটডোর বাজার এবং ছায়াযুক্ত অ্যাক্সেসযোগ্য খেলার স্থান হিসেবে কাজ করবে।

মার্কেটের প্লেটার গার্ডেনে সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি - DRI বরাদ্দ: 550,000 ডলার

এই প্রকল্পটি ইনফিল ডেভেলপমেন্টের 62টি ইউনিট তৈরি করবে যা ছোট-পরিবারের জন্য ভাড়া দেওয়া থেকে শুরু করে স্ট্যাকড থ্রি-স্টোরি, গার্ডেন-স্টাইল মাল্টি-ফ্যামিলি অ্যাপার্টমেন্ট ইউনিটের মোট 64,000 বর্গফুটেরও বেশি আবাসিক স্থানসহ বিভিন্ন ধরনের সাশ্রয়ী মূল্যের আবাসনের প্রকারের সমন্বয়ে গঠিত।

ঐতিহাসিক শ্রাইবার ব্রিউয়ারি সংস্কার- DRI বরাদ্দ: 500,000 ডলার

বর্তমান সম্পত্তিটি একটি বহু-ব্যবহারযোগ্য নমনীয় বাণিজ্যিক স্থানে সংস্কার করা হবে, যার মধ্যে রয়েছে ব্রিউয়িং উৎপাদনের স্থান, একটি "ব্রিউসিয়াম", পাইকারি ব্রিউয়িং উৎপাদন ব্যবসা, এবং অন্যান্য অফিস, বাণিজ্যিক, ও আবাসিক ব্যবহার।

সাশ্রয়ী মূল্যের ডে কেয়ার সেন্টারের জন্য 950 ব্রডওয়ে সংস্কার - DRI বরাদ্দ: 427,150 ডলার

সাবেক বাণিজ্যিক ভবনকে সংস্কার করে ডে কেয়ার সেন্টারে রূপান্তরিত করা হবে। ভবনটি ছয়টি শ্রেণিকক্ষ, একটি বাণিজ্যিক রান্নাঘর, দুইটি গ্রস মোটর প্লে স্পেস, খাদ্য স্টোরেজ, অফিস স্টোরেজ এবং বাথরুমে রূপান্তরিত করা হবে। এছাড়াও এতে বিভিন্ন বয়সীদের জন্য একটি আউটডোর খেলার মাঠ থাকবে।

একটি প্রতিষ্ঠিত আঞ্চলিক বেকারি সম্প্রসারণ - DRI বরাদ্দ: 362,000 ডলার

এলাকার প্রধান এবং ব্রডওয়ে-ফিলমোরের বৃহত্তম নিয়োগকর্তাদের মধ্যে অন্যতম, বেকারিটি তার ফ্যাসিলিটি পার্শ্ববর্তী 185 সুইট অ্যাভিনিউ পার্সেলে সম্প্রসারণ করার পরিকল্পনা করেছে। এই প্রকল্পে উৎপাদন ক্ষমতা বাড়ানোর জন্য একটি খালি অবকাঠামোর সংস্কার অন্তর্ভুক্ত রয়েছে।

আফটারস্কুল এবং পারফরম্যান্স স্পেসের জন্য ম্যাট আরবান সেন্টার উন্নতকরণ - DRI বরাদ্দ: 290,000 ডলার

এই প্রকল্প ভবনটি সংরক্ষণ করবে এবং ম্যাট আরবান সেন্টারকে আফটারস্কুল কর্মসূচির জন্য তার লাইসেন্সিংয়ের আবশ্যিকতা পূরণে সাহায্য করবে। কমিউনিটির একটি মূল ভিত্তি, উন্নত ম্যাট আরবান সেন্টার গুরুত্বপূর্ণ পরিষেবা ব্যবস্থার মাধ্যমে আঞ্চলিক পুনরুজ্জীবিতকরণে উল্লেখযোগ্যভাবে অবদান রাখবে।

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ হলো ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) ফ্ল্যাগশিপ কর্মসূচি যা কমিউনিটিগুলোকে তাদের ডাউনটাউনকে ইতিবাচকভাবে রূপান্তর এবং

পুনরুজ্জীবিত করার সুযোগ দেয় যা সেগুলোকে বসবাস, কাজ ও খেলার জন্য প্রাণবন্ত স্থানে রূপান্তরিত করে। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এই গুরুত্বপূর্ণ কর্মসূচির প্রতি তার অব্যাহত সমর্থনের জন্য যা এই মহান স্টেটের সকল কমিউনিটিতে বিনিয়োগ করে চলেছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO, ও কমিশনার হোপ নাইট বলেন, "স্বাস্থ্যকর, প্রাণবন্ত ইস্ট সাইড নির্বাচিত কয়েকটির পরিবর্তে এর সকল এলাকায় নতুন অর্থনৈতিক সুযোগসহ একটি শহর হিসেবে বাফেলোর খ্যাতি বাড়ানোর মূল চাবিকাঠি। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ এমন প্রকল্পকে লক্ষ্য করেছে যা নতুন ব্যবসা, আবাসন ও সবুজ স্থানের বৃদ্ধিকে উৎসাহিত করবে - সবকিছুই এই গর্বিত বহু-সাংস্কৃতিক কমিউনিটির ব্যক্তিদের দ্বারা উদ্‌বুদ্ধ হয়ে যারা একটি ভালো, শক্তিশালী ও নিরাপদ ভবিষ্যত তৈরি করতে আগ্রহী ও প্রস্তুত।"

স্টেট সিনেটর টিম কেনেডি বলেন, "এই ঐতিহাসিক ডিস্ট্রিক্টে নতুন জীবনের শ্বাস নেওয়ার মাধ্যমে ব্রডওয়ে-ফিলমোর কমিউনিটির সেরা দিন সামনে আসছে। এই এগারোটি প্রকল্পের মাধ্যমে, ব্রডওয়ে-ফিলমোর আরো বেশি অন্তর্ভুক্তিমূলক ও আমন্ত্রণমূলক স্থান হবে যা তার সমৃদ্ধ সংস্কৃতি ও ইতিহাসকে প্রতিফলিত করে। যাদের মতামত ও অন্তর্দৃষ্টি এই প্রকল্পগুলো শনাক্ত করতে সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ, এবং বাফেলোর মহল্লাগুলোর প্রতি দৃঢ় সমর্থনের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা, ক্রিস্টাল ডি. পিপলস-স্টোকস বলেন, "ব্রডওয়ে-ফিলমোর ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের আজকের বরাদ্দপ্রাপ্ত সবাইকে অভিনন্দন। বাফেলোর ইস্টসাইডে এই 10 মিলিয়ন ডলার মূল্যের বিনিয়োগের জন্য গভর্নর হোকল এবং WNY-এর আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদকে ধন্যবাদ জানাই; আমাদের কমিউনিটিকে স্থিতিশীল করতে এবং সমৃদ্ধ করতে সাহায্য করার জন্য দীর্ঘ দিন পর সময় আসছে। ভিত্তি হিসেবে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে, সৃজনশীল প্রাণবন্ততা ও বৈচিত্র্য রয়েছে যা এই কমিউনিটিকে ভবিষ্যতে উৎসাহিত করবে।"

বাফেলোর কাউন্সিল সদস্য মিচ নোয়াকোস্কি বলেন, "গত বছর যখন ব্রডওয়ে-ফিলমোর এলাকাকে DRI বরাদ্দপ্রাপ্ত হিসেবে ঘোষণা করা হয়েছিল, তখন আমি জানতাম যে এই তহবিল কমিউনিটির মধ্যে একটি রূপান্তরমূলক প্রভাব ফেলবে। এই বিনিয়োগ ডিস্ট্রিক্টের সম্ভাবনার উপর আলোকপাত করতে থাকবে। বাফেলোর ইস্ট সাইডকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নরকে এবং যে পরিবারগুলো এখানে তাদের বাড়ি তৈরি করেছে তাদেরকে ধন্যবাদ জানাই!"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
নিউ ইয়র্ক স্টেটের DRI, তার অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির একটি ভিত্তি, যা ডাউনটাউনের আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা উচ্চ জীবনমান সরবরাহ করে এবং পুনর্নির্মাণ, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-

তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহায্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418